গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বিভাগীয় কমিশনার, বরিশাল
# এবং
# মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে স্বাক্ষরিত
# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১ |
| উপক্রমণিকা | ২ |
| সেকশন ১: কার্যাবলী | ৩ |
| সেকশন ২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | ১৫ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১৬ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা | ১৯ |

# বিভাগীয় কমিশনার এর কার্যালয়, বরিশাল এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Divisional Commissioner Office, Barisal)

## সাম্প্রতিক বছরসমূহের (৩ বছরের) প্রধান অর্জনসমূহঃ

রূপকল্প-২০২১ যথাসময়ে অর্জনে সরকারের গৃহীত পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নে বিভাগীয় প্রশাসন, বরিশাল নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাল্যবিবাহ নিরসন, জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, নারী নির্যাতন, মানসম্মত শিক্ষা বিষয়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কার্যক্রম ও সেমিনার আয়োজনের মাধ্যমে সেবাগ্রহীতাদের সচেতন করাসহ প্রতিষ্ঠানের সুশাসন আনয়ন করা সম্ভব হয়েছে। ৬টি জেলার শতাধিক বিদ্যালয়ে মাদকবিরোধী কাউন্সেলিং, বৃক্ষরোপন অভিযান ও ধূমপান বিরাধী সচেতনতামূলক অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। বাল্যবিবাহ নিরসনে বিশেষ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ কানাডিয়ান হাইকমিশন কর্তৃক বিভাগীয় কমিশনার, বরিশাল পুরস্কারে ভূষিত হয়েছেন। এছাড়া নারীর ক্ষমতায়নে সরকারের সিদ্ধান্ত অনুযায়ী বিভাগীয় পর্যায়ে "জয়িতা অন্বেষণে বাংলাদেশ", ডিজিটাল বাংলাদেশ গঠনে উদ্ভাবনী মেলা, বিজ্ঞান মেলা, সৃজনশীল মেধা অন্বেষণে বাংলাদেশ, টেকসই দুর্যোগ ব্যবস্থপনার অংশ হিসেবে দুর্যোগ বিষয়ক জ্ঞান মেলা সফলভাবে সম্পন্ন করা হয়েছে । সোশ্যাল মিডিয়া সংলাপ হেল্পডেস্ক চালু করার মাধ্যমে নাগরিকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে । ই-ফাইলিং এর মাধ্যমে অফিসের দৈনন্দিন কার্যক্রম ত্বরান্বিতকরণ এবং কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সমগ্র অফিসকে বায়োমেট্রিক হাজিরার আওতায় আনা হয়েছে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

বিভাগীয় কমিশনারের কার্যালয় এর অফিস ভবনে পর্যাপ্ত জায়গা না থাকায় সুপ্রশস্ত কনফারেন্স রুম এবং নাগরিক সেবা প্রত্যাশীদের জন্য বসার ও প্রক্ষালনের ভালো ব্যবস্থা নেই। ইন্টারনেটের ধীর গতি। দক্ষ মানবসম্পদ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণের স্বল্পতা ও কর্মচারীদের জন্য স্থানীয় প্রশিক্ষণের অভাব রয়েছে। কর্মচারীদের পর্যাপ্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তিগত জ্ঞান, সরঞ্জামাদি এবং সেগুলো তদারকির জন্য কারিগরি জ্ঞান সম্পন্ন জনবলের অভাব রয়েছে।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ও বাংলাদেশ সরকারের রূপকল্প-২০২১ এর কাঙ্খিত লক্ষ্য অর্জনে বিভাগীয় প্রশাসনের নানামুখী ভবিষ্যত পরিকল্পনা রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার তথা ই-নথি ব্যবস্থাপনার মাধ্যমে জনসেবা নিশ্চিতকরণ এবং উদ্ভাবনী উদ্যোগসমূহ সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে নাগরিক সেবার মান আরও বৃদ্ধিপূর্বক জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়া হবে। ই-ভূমি সেবা প্রদানের জন্য One Stop Service এর মাধ্যমে ভূমি সেবাকে যুগোপযোগী ব্যবস্থাপনায় উন্নীতকরণ এর মাধ্যমে জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা বাস্তবায়িত হবে। এছাড়াও অফিসভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রাখা এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নে বিভাগীয় পর্যায়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার প্রচেষ্টা চালানো হবে। সর্বোপরি এসকল ভবিষ্যত পরিকল্পনা বাস্তবায়নের মধ্য দিয়ে ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাঙ্খিত লক্ষ্য অর্জনে অত্র অফিস ভূমিকা রাখবে।

## ২০১৭-২০১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

১. বিভাগীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রসমূহের কার্যকর সমন্বয় আরও জোরদারকরণ;
২. তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে বর্তমান অফিস ব্যবস্থাপনাকে 'Less Paper' অফিস –এ রূপান্তরকরণ;
৩. গনশুনানি, শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন ও অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা জোরদারকরণ;
৪. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা পরিস্থিতির উন্নয়ন;
৫. বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম দর্শনের মাধ্যমে প্রকল্পের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
৬. নিয়মিত আদালত পরিদর্শন ও কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জেলা ম্যাজিস্ট্রেসি প্রতিষ্ঠা;
৭. ভূমি সেবা সহজীকরণে জনবান্ধব ভূমি অফিস প্রতিষ্ঠায় প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ তদারকি ও ত্বরান্বিতকরণ;
৮. বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদেরকে তথ্য-প্রযুক্তি নির্ভর দক্ষ মানবসম্পদে রূপান্তর;
৯. কর্মকর্তা/কর্মচারীদের উৎসাহ প্রদানের লক্ষ্যে সম্মাননা প্রদান;

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বিভাগীয় কমিশনার, বরিশাল

এবং

মন্ত্রিপরিষদ সচিব এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল ।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## সেকশন-১

১.১ রুপকল্প (Vision) : দক্ষ, গতিশীল, জনবান্ধব, উন্নয়নমুখী ও জবাবদিহিমূলক স্বচ্ছ জনপ্রশাসন

১.২ অভিলক্ষ (Mission) :

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্য প্রযুক্তির যথাযথ ব্যবহার, সেবাদাতাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত জনসেবা নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

১.৩.১ বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. বিভাগীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রমসমূহের কার্যকর সমন্বয় জোরদারকরণ;
২. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা পরিস্থিতির উন্নয়ন;
৩. দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ;
৪. ভূমি রাজস্ব ব্যবস্থাপনার গতিশীলতা আনয়ন ও দক্ষতা বৃদ্ধিকরণ;
৫. সেবা প্রক্রিয়ায় তথ্য প্রযুক্তির ব্যবহার ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
৬. স্থানীয় সরকারের কার্যক্রম জোরদারকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশসমূহ (Compulsary Strategic Objectives):

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

কার্যাবলী (Functions) :

বিভাগীয় কমিশনার বিভাগের প্রধান সমন্বয়কারী হিসেবে সরকার নির্ধারিত বহুবিধ কার্যাবলী সম্পাদন করে থাকেনঃ

১. বিভাগীয় পর্যায়ে টাস্কফোর্স সভা, বিভাগীয় আইন-শৃঙ্খলা সভা, বিভাগীয় রাজস্ব সম্মেলন, বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং ত্রৈমাসিকভাবে জেলা পরিষদের প্রধান নির্বাহীগণের সভায় সভাপতিত্ব করা এবং এসকল প্রতিষ্ঠানের কার্যক্রমকে তরান্বিতকরণসহ সমন্বয়ের মাধ্যমে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করা।

২. প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ বিভাগের প্রধান উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন;

৩. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয় সাধন;

৪. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কাযক্রম গ্রহণ, জি আর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

৫. দারিদ্র্য নিরসনকল্পে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় চলমান কার্যক্রমসমূহের তদারকির মাধ্যমে স্থানীয় পর্যায়ে সফল বাস্তবায়ন নিশ্চিত করা, বিভিন্ন মন্ত্রনালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, আশ্রয়ণ প্রকল্প ও একটি বাড়ি একটি খামার প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম তদারকি করা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করা।

৬. বিভাগের রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;

৭. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবতনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;

৮. বাল্যবিবাহ নিরসনে এসংক্রান্ত আইনি বিষয়সমূহ ও বাল্য বিবাহের কুফল সম্পর্কে জণগনকে সচেতন করা, জেলা ও উপজেলা পর্যায়ে চলমান পদক্ষেপসমূহ তদারকি করা ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান। এছাড়া জঙ্গীবাদ ও সন্ত্রাসী তৎপরতা, মানবপাচার, নারী ও শিশু নির্যাতন রোধকল্পে আইনশৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান ও কমিউনিটি পর্যায়ে সচেতনতামূলক কার্যক্রমে অংশগ্রহণ এবং সরকারের গৃহীত পদক্ষেপসমূহ স্থানীয় পর্যায়ে বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করা।

৯. রাজস্ব মামলা ও নামজারি মামলার আপিলেট কর্তৃপক্ষ হিসেবে এ সংক্রান্ত আপিল নিষ্পত্তি করা।

১০. বিভাগীয় কমিশনার পদাধিকার বলে বিভাগীয় নির্বাচনী বোর্ডের সভাপতি। এ বোর্ড তাঁর কার্যালয়ের ১৩ থেকে ১৬তম গ্রেডের এবং ডিআইজি'র কার্যালয়, পুলিশ কমিশনারের কার্যালয়, বিভাগাধীন জেলা প্রশাকের কার্যালয় এবং পুলিশ সুপারের কার্যালয়ে ১৩ তম গ্রেডের কর্মচারী নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করেন।

১১. বিভাগীয় ক্রীড়া সংস্থার সভাপতি হিসেবে বিভাগীয় পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা এবং এর মাধ্যমে বিভাগের ক্রীড়ার মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা, পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করা।

১২. বিভাগাধীন জেলা এবং উপজেলায় ত্রাণ সামগ্রী বরাদ্দের বিষয়ে তদারকি করা। তাছাড়া দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন এবং দুর্যোগপরবর্তী অবস্থার সার্বিক কার্যক্রম মনিটরিং করা, সরকারের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা এবং সরকারের নির্দেশনা জেলা ও উপজেলা পর্যায়ে বাস্তবায়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও পরামর্শ প্রদান করা।

১৩. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পত্তি।

১৪. বিভাগীয় কমিশনার পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের সভাপতি এবং এ সংক্রান্ত কাজের তদারকি, ডাটাবেজ তৈরি এবং ব্যবস্থাপনার কাজ পরিচালনা করেন।

১৫. এছাড়া সরকার কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করা।

## সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (মোট মান-৮০)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৭-১৮) | | | | | প্রক্ষেপণ( Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **বিভাগীয় প্রশাসনের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১) বিভাগীয় পর্যায়ে সরকারি ও বেসরকারি দপ্তরসমূহের সকল উন্নয়নমূলক কার্যক্রসমূহের কার্যকর সমন্বয় আরও জোরদারকরণ | ১৬ | ১.১ জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৩ | ৮৪ | ৯০ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৮৫ | ৯৫ | ৯৬ |
| | | ১.২ বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৩ | ৮৪ | ৯০ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৮৫ | ৯৫ | ৯৬ |
| | | ১.৩ জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | ১২ | ১২ | ১২ | ১১ | - | - | - | ১২ | ১২ |
| | | ১.৪ জেলা প্রশাসকগণের সাথে আয়োজিত সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ২ | ৭৮ | ৮০ | ৮৫ | ৮২ | ৮১ | ৮০ | ৭৮ | ৮৮ | ৯০ |
| | | ১.৫ বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ০৬ | ০৬ | ০৬ | ০৫ | - | - | - | ০৬ | ০৬ |
| | | ১.৬ বিভাগীয় রাজস্ব সম্মেলন | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | - | - | - | ১২ | ১২ |
| | | ১.৭ নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট | % | ১ | ৯৪ | ৯৫ | ৯৮ | ৯৭ | ৯৬ | ৯৫ | ৯০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৬-১৭) | | | | | প্রক্ষেপণ( Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০ % | ৮০ % | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ২) জনশৃঙ্খলা ও জননিরাপত্তা পরিস্থিতির উন্নয়ন | ১৫ | ২.১ বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৫ | ৯০ | ৮৭ | ৯০ | ৮৯ | ৮৮ | ৮৭ | - | ৯২ | ৯৫ |
| | | ২.২ চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্স সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৪ | ৮৫ | ৮৫ | ৮৮ | ৮৭ | ৮৬ | ৮৫ | - | ৮৮ | ৯০ |
| | | ২.৩ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত পরিদর্শন | আদালত পরিদর্শনকৃত | সংখ্যা | ২ | - | ১২ | ১২ | ১১ | - | - | - | ১২ | ১২ |
| | | ২.৪ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ২ | - | ২৪ | ৩০ | ২৬ | ২৫ | ২৪ | ১৮ | ৪০ | ৫০ |
| | | ২.৫ বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ৪ | ৬ | ৬ | ৫ | - | - | - | ৬ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৭-১৮) | | | | | প্রক্ষেপণ( Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০ % | ৮০ % | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৩) দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ; | ১৩ | ৩.১ ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৫ | ৮৮ | ৮৯ | ৯২ | ৯১ | ৯০ | ৮৯ | ৮০ | ৯৩ | ৯৫ |
| | | ৩.২ ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৪ | ০৬ | ০৬ | ০৬ | ০৫ | - | - | - | ০৬ | ০৬ |
| | | ৩.৩ জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও সক্ষমতা বৃদ্ধিতে অভিজ্ঞতা বিনিময় ও সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | সংখ্যা | ৪ | ৩ | ৩ | ৪ | ৩ | ৩ | ৩ | - | ৪ | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY (২০১৭-১৮) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০ % | ৮০ % | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৪) ভূমি রাজস্ব ব্যবস্থাপনার গতিশীলতা আনয়ন ও দক্ষতা বৃদ্ধিকরণ | ১৩ | ৪.১ বিভাগীয় রাজস্ব সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৩ | ৮৪ | ৮৫ | ৮৮ | ৮৭ | ৮৬ | ৮৫ | - | ৯০ | ৯২ |
| | | ৪.২ আপীল / রিভিশন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত মামলা /রিভিশন | % | ২ | ৫২.৬ | ৬০ | ৬৩ | ৬২ | ৬১ | ৬০ | - | ৬৫ | ৬৫ |
| | | ৪.১ বিভাগীয় রাজস্ব সমন্বয় সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | - | - | - | ১২ | ১২ |
| | | ৪.৪ ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় | আদায়কৃত ভূমি উন্নয়ন কর | % | ২ | ৬৫ | ৮০ | ৯০ | ৮৫ | ৮২ | ৮০ | ৭০ | ৯৫ | ১০০ |
| | | ৪.৫) ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ এর প্রসার বাড়ানো | ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ বাড়ানো | সংখ্যা | ২ | ৮ | ১২ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ৬ | ১৫ | ২০ |
| | | ৪.৬) পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ | পরিদর্শনকৃত অফিস | সংখ্যা | ২ | ৬ | ৮ | ১২ | ১০ | ৯ | ৮ | - | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৭-১৮) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৫.সেবা প্রক্রিয়ায় তথ্য প্রযুক্তির ব্যবহার ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন | ১৩ | ৫.১ বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ৪ | ১২০ | ১৫০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ১৫০ | ১২০ | ১৯০ | ২০০ |
| | | ৫.২ বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ৪ | ১৮০ | ১৯০ | ২০০ | ১৯৫ | ১৯২ | ১৯০ | ১০০ | ২১০ | ২২০ |
| | | ৫.৩ ইনোভেশন সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৩ | | ৬ | ৬ | ৫ | - | - | - | ৬ | ৬ |
| | | ৫.৪ ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া আড্ডা আয়োজন | আয়োজিত ভিডিও কনফারেন্সিং | সংখ্যা | ১ | | ৮ | ১২ | ১১ | ১০ | ৮ | ২ | ১৪ | ১৫ |
| | | | আয়োজিত সোশ্যাল মিডিয়া আড্ডা | সংখ্যা | ১ | | ৬ | ৯ | ৮ | ৭ | ৬ | ২ | ১০ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY ২০১৭-১৮) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ 100% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৬) স্থানীয় সরকারের কার্যক্রম জোরদারকরণ | ১০ | ৬.১ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৩ | - | - | - | ৪ | ৬ |
| | | ৬.২ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ৩ | ৭৩ | ৭৫ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৫ | ৫৫ | ৮৫ | ৮৬ |
| | | ৬.৩ দর্শন কার্যক্রম জোরদারকরণ | সংঘটিত দর্শন | সংখ্যা | ৩ | ২৪ | ২৪ | ২৪ | ২২ | - | - | - | ৩০ | ৩৬ |

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, বিভাগীয় কমিশনার, বরিশাল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ সচিব এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ সচিব বিভাগীয় কমিশনার, বরিশাল এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| (মোঃ শহিদুজ্জামান)<br>বিভাগীয় কমিশনার<br>বরিশাল। | ২৪.০৭.২০১৭<br>তারিখ |
| ২৪.০৭.১৭<br>(মোহাম্মদ শফিউল আলম)<br>মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ। | ২৪.০৭.১৭<br>তারিখ |

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

১. কাবিখা- কাজের বিনিময়ে খাদ্য

২. কাবিটা- কাজের বিনিময়ে টাকা

৩. টিআর- টেস্ট রিলিফ

৪. ই-ফাইলিং – ইলেক্ট্রনিক ফাইলিং

৫. আইসিটি – ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি

## সংযোজনী-২: কর্ম সম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণী

| ক্র.নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২. | বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৩. | জেলা প্রশাসকগণের সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | নিয়মিতভাবে জেলা প্রশাসকদের মাসিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৪. | জেলা প্রশাসকগণের সাথে আয়োজিত সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৫. | বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | বিভাগীয় পর্যায়ে নিয়মিতভাবে উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠান সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৬. | বিভাগীয় রাজস্ব সম্মেলন | অনুষ্ঠিত সভা | জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৭. | নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট | মাসিক ভিত্তিতে বিভিন্ন রিপোর্ট মন্ত্রাণালয়/বিভাগে প্রেরণ করা হয় | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | পত্র প্রেরণ রেজিস্ট্রারের হালনাগাদ তথ্য | পত্র প্রেরণ রেজিস্ট্রার |
| ৮. | বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ৯. | চোরাচালান প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক টাস্কফোর্স সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |

| ক্র.নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|
| ১০. | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত পরিদর্শন | অর্জিত প্রমাপ | প্রমাপ অনুযায়ী | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শনকৃত আদালতের সংখ্যা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১১. | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের প্রশিক্ষণ | প্রশিক্ষণ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, সম্মানী প্রদান তালিকা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১২. | বিভাগীয় আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | বিভাগীয় পর্যায়ে নিয়মিতভাবে আইনশৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৩. | ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৪. | ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | নিয়মিতভাবে সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৫. | জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা ও সক্ষমতা বৃদ্ধিতে অভিজ্ঞতা বিনিময় ও সেমিনার আয়োজন | আয়োজিত সেমিনার | নিয়মিতভাবে সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | আয়োজিত সেমিনারের সংখ্যা, অংশগ্রহণকারীদের তালিকা | সেমিনারের রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ১৬. | টেস্ট রিলিফ প্রদান | প্রদানকৃত রিলিফ | সুষ্ঠুভাবে রিলিফ বিতরণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | প্রদানকৃত রিলিফ এর পরিমাণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত বরাদ্দপত্র |
| ১৭. | বিভাগীয় রাজস্ব সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ১৮. | আপীল / রিভিশন মামলা দ্রুত নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত মামলা /রিভিশন | ভূমি মন্ত্রাণালয়, ভূমি আপিল বোর্ডে মাসিক প্রতিবেন করা হয় | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | আপীল / রিভিশন মামলা নিষ্পত্তির সংখ্যা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত নিষ্পত্তিকৃত মামলার প্রতিবেদন |
| ১৯. | বিভাগীয় রাজস্ব সমন্বয় সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | নিয়মিতভাবে সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |

| ক্র.নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি | উপাত্তসমূহ |
|---|---|---|---|---|---|---|
| ২০. | ভূমি উন্নয়ন করের দাবি আদায় | নির্ধারিত দাবি | দাবিকৃত টাকার পরিমাণ ও শতকরা হার | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | কৃষি ও অকৃষি জমির পরিমাণ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২১. | ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ এর প্রসার বাড়ানো | ভূমি ব্যবস্থাপনায় উদ্ভাবনী উদ্যোগ বাড়ানো | এটুআই প্রোগ্রামের সহায়তায় বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ইনোভেশন ইন পাবলিক সার্ভিস সংক্রান্ত কর্মশালার আয়োজন করা হয়। | আইসিটি শাখা | অগ্রগতি প্রতিবেদন | ভূমি ব্যবস্থাপনায় বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের সংখ্যা |
| ২২. | পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ | পরিদর্শনকৃত অফিস | প্রমাপ অনুযায়ী | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শনকৃত অফিসের সংখ্যা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ২৩. | বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য তথ্য-প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ আয়োজন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, বক্তাগণের তালিকা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ২৪. | বরিশাল বিভাগাধীন রাজস্ব ও সাধারণ প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | কর্মকর্তা ও কর্মচারীদের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ আয়োজন | সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | প্রশিক্ষণসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, বক্তাগণের তালিকা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ২৫. | ইনোভেশন সভা | অনুষ্ঠিত সভা | নিয়মিতভাবে সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২৬. | ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া আড্ডা আয়োজন | আয়োজিত ভিডিও কনফারেন্সিং ও সোশ্যাল মিডিয়া | নিয়মিতভাবে অনুষ্ঠান আয়োজন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | প্রশিক্ষণ রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ২৭. | জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল, জেলা প্রশাসকের কার্যালয় সমূহ ও সংশ্লিষ্ট দপ্তর | অগ্রগতি প্রতিবেদন | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী ও প্রতিবেদনসমূহ |
| ২৮. | ৬.২পরিদর্শন/দর্শন কার্যক্রম জোরদারকরণ | সংঘটিত পরিদর্শন/দর্শন | প্রমাপ অনুযায়ী | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল | পরিদর্শনকৃত অফিসের সংখ্যা | পরিদর্শন রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ |
| ২৯. | জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাদের নিয়ে সমন্বয় সভা | অনুষ্ঠিত সভা | নিয়মিতভাবে সভা অনুষ্ঠান | বিভাগীয় কমিশনার অফিস বরিশাল | সভার নোটিশ, উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা | বিভাগীয় কমিশনার অফিস, বরিশাল কর্তৃক প্রেরিত সভার কার্যবিবরণী |

## সংযোজনী-৩: অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় রাজস্ব সম্মেলন নিয়মিতকরণ | প্রতি মাসে রাজস্ব সভা অনুষ্ঠিত | ভূমি রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি | বিভাগীয় রাজস্ব সম্মেলনে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ব্যাহত |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় উন্নয়ন কর্মকান্ড সমন্বয় জোরদারকরণ | অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা | বিভাগীয় এবং জেলা পর্যায়ে চলমান ও সম্পন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্যাদি | উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সমন্বয় ও উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি বাধাগ্রস্ত |
| জেলা প্রশাসকের কার্যালয় | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্তের অগ্রগতি | জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্তের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন | সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত বাস্তবায়ন | উন্নয়নমূলক কর্মকান্ড দ্রুত বাস্তবায়ন প্রক্রিয়া বিলম্বিত হয় । |
| জেলা প্রশাসকের কার্যালয় | অডিট আপত্তি দ্রুত নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত অডিট আপত্তি | অডিট আপত্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি | দ্রুত অডিট আপত্তি নিস্পত্তিকরণ | অডিট আপত্তি নিস্পত্তি না হলে সরকারের আর্থিক ক্ষতির সম্ভাবনা |
| বিভাগীয় দপ্তর ও জেলা প্রশাসকের কার্যালয় | বিভাগীয় আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতকরণ | অনুষ্ঠিত আইন শৃঙ্খলা কমিটির সভা | আইন শৃঙ্খলা প্রতিকার ও প্রতিরোধ সংক্রান্ত তথ্যাদি | সার্বিক আইন শৃঙ্খলা অবস্থার উন্নয়ন | আইন শৃঙ্খলা অবস্থার অবনতি হওয়ার সম্ভাবনা |
| জেলা প্রশাসকের কার্যালয় | মোবাইল কোর্টের কার্যক্রম জোরদারকরণ | প্রেরিত মোবাইল কোর্ট প্রতিবেদন | মোবাইল কোর্টের মাধ্যমে পরিচালিত মামলার সংখ্যা, জেল ও জরিমানার তথ্য | অপরাধ দমনে মোবাইল কোর্টের ভূমিকা ও আইন শৃঙ্খলা পরিস্থিতির সার্বিক চিত্র | মোবাইল কোর্টের প্রতিবেদন প্রেরণ বিলম্বিত হওয়া |
| সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা | নির্ধারিত সময়ে রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরিত রিপোর্ট রিটার্ন | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম ও অগ্রগতি সংক্রান্ত তথ্য | স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের তদারকিকরণ ও কাজের মূল্যায়ন | রিপোর্ট প্রেরণে বিলম্ব ও জবাবদিহিতা নিশ্চিত না হওয়া |